

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ২৬৭

8/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪/৩৭. ইমামদের প্রতি সালাত সংক্ষিপ্ত করতঃ পূর্ণ করার নির্দেশ দেয়া

أمر الأئمة بتخفيف الصلاة في تمام

আরবী

حَدِيْثُ أَبِي مَسْعُودِ الْأَنْصَارِيِّ قَالَ جَاءَ رَجُلُ إِلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ يَا رَسُولَ اللهِ إِنِّي وَاللهِ لَأَتَأَخَّرُ عَنْ صَلاَةِ الْغَدَاةِ مِنْ أَجْلِ فُلَانٍ مِمَّا يُطِيلُ بِنَا فِيهَا قَالَ فَمَا رَأَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم قَطُّ أَشَدَّ غَضَبًا فِي مَوْعِظَةٍ مِنْهُ يَوْمَئِذٍ ثُمَّ قَالَ يَا فَمَا رَأَيْتُ النَّاسُ إِنَّ مِنْكُمْ مُنَفِّرِينَ فَأَيُّكُمْ مَا صَلَّى بِالنَّاسِ فَلْيُوجِزْ فَإِنَّ فِيهِمْ الْكَبِيرَ وَالضَّعِيفَ وَذَا الْحَاجَة

বাংলা

২৬৭. আবূ মাস'উদ আনসারী (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি রসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে বলল, হে আল্লাহর রসূল! আল্লাহর শপথ! আমি অমুক ব্যক্তির কারণে ফজরের জামা'আতে উপস্থিত হই না। কেননা, তিনি আমাদেরকে নিয়ে দীর্ঘ সালাত আদায় করেন। আবূ মাস'উদ (রাযি.) বলেন, আমি নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-কে কোন ওয়াযে সে দিনের মত অধিক রাগান্বিত হতে আর দেখিনি। এরপর তিনি বললেনঃ হে লোক সকল! তোমাদের মধ্যে কেউ কেউ বিতৃষ্ণার উদ্রেককারী রয়েছে। অতএব তোমাদের মধ্যে যে কেউ লোকদেরকে নিয়ে সালাত আদায় করবে, সে যেন সংক্ষিপ্ত করে। কেননা, তাদের মধ্যে রয়েছে বয়স্ক, দুর্বল ও কর্মব্যস্ত লোকেরা।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৯৩ : আহকাম, অধ্যায় ১৩, হাঃ ৭১৫৯; মুসলিম, পর্ব ৪ : সালাত, অধ্যায় ৩৭, হাঃ ৪৬৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন